

আজকালের খবর

The Daily Ajkaler khobor www.ajkalerkhor.com [f dailyajkalerkhor](https://www.facebook.com/dailyajkalerkhor) [Ajkalerkhorbd](https://twitter.com/Ajkalerkhorbd)

শুক্রবার • ২৭ জুলাই ২০১৮ • ১২ শ্রাবণ ১৪২৫ • ১৩ জিলকদ ১৪৩৯



জাপান ইউনিভার্সিটি অব ইকোনোমিক্সের সঙ্গে ড্যাফোডিল ইউনিভার্সিটির সমঝোতা স্মারক স্বাক্ষরিত

● নিউজ ডেস্ক

উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নে জাপান ইউনিভার্সিটি অব ইকোনোমিক্সের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। গত বুধবার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সম্মেলন কক্ষে এ সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠিত হয়। জাপান ইউনিভার্সিটি অব ইকোনোমিক্সের প্রেসিডেন্ট অসুকা সুজুকি এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন জাপান ইউনিভার্সিটি অব ইকোনোমিক্সের আন্তর্জাতিক বিভাগের পরিচালক অধ্যাপক সেবাস্তিন ডাকিন, এসসিএমএস গ্রুপ অব এডুকেশনাল ইনস্টিটিউটের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রধান ড. বরণ জি মেনন এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে এখন থেকে জাপান ও ভারতের এই দুই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থী ও শিক্ষক বিনিময়, সামার ও উইন্টার প্রোগ্রাম, ইন্টারশিপ সুযোগ, যৌথ সম্মেলন, গবেষণা ইত্যাদি কার্যক্রম পরিচালনা করবে।